

## জাতীয় প্রা.শি. সপ্তাহ সমাপনীতে প্রধানমন্ত্রী এ বছর বার্ষিক পরীক্ষার ফল ঘোষণার পরই বই পেয়ে যাবে ছাত্ররা

নিজস্ব বার্তা পরিবেশক : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, এবার বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার সঙ্গে সঙ্গে ছেলেমেয়েদের হাতে ৪ রঙের নতুন আকর্ষণীয় পাঠ্যবই ছুঁলে দেয়া হবে। তিনি বলেন, অবকাঠামো ও অন্যান্য সুযোগ-সুবিধা থাকা সত্ত্বেও সুষ্ঠু ব্যবস্থাপনা, তত্ত্বাবধান ও পরিবীক্ষণের অভাবে প্রাথমিক স্তরের অনেক শিক্ষার্থী অচিরেই ঝড়ে পড়ে। এতে শিক্ষার প্রসার ব্যাহত এবং প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে প্রচুর অর্ধের অপচয় হয়।

শনিবার ওসমানী স্মৃতি মিলনায়তনে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০০২-এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে তিনি একথা বলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক উপদেষ্টা অধ্যাপিকা জাহানারা বেগম। স্বাগত বক্তব্য রাখেন প্রাথমিক ও গণশিক্ষা বিভাগের সচিব অধ্যাপিকা ডা. তাহমিনা

হোসেন। অনুষ্ঠানশেষে সকলকে ধন্যবাদ জানান প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এএম মোসাদ্দেকুল ইসলাম। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষা কার্যক্রমে অনভিপ্রেত অবস্থা থেকে পরিব্রাজনের জন্য সকল সংসদ সদস্য, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক, প্রধানমন্ত্রী : পৃঃ ১১ কঃ ৩

প্রধানমন্ত্রী :

(১২-এর পৃষ্ঠার পর)

উপজেলা নির্বাহী অফিসার, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, উপজেলা শিক্ষা অফিসার এবং প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কাছে ব্যক্তিগতভাবে চিঠি সদিয়েছেন বলে জানিয়েছেন। তিনি বলেন, মুঠামুঠামু সকলে এ চিঠির মর্ম অনুযায়ী প্রাথমিক শিক্ষা আন্দোলনকে বেগবান করতে বিশেষ ভূমিকা পালন করবেন। এতে প্রাথমিক শিক্ষাক্ষেত্রে জবাবদিহিতা নিশ্চিত হবে।

প্রধানমন্ত্রী বলেন, আমরা শিক্ষাক্ষেত্রে দু'টি যুগান্তকারী পদক্ষেপ নিয়েছি। একটি হলো শিক্ষার জন্য খাদ্য কর্মসূচির পরিবর্তে উপবৃত্তি চালু। দ্বিতীয়টি হলো উচ্চ মাধ্যমিক স্তর পর্যন্ত বিনা বেতনে মেয়েদের লেখাপড়ার বন্দোবস্ত এবং মেধাসী ছাত্রীদের স্টাইপেন্ড দেয়া। উপবৃত্তি প্রকল্পের জন্য প্রতিবছর সরকার তার নিজস্ব তহবিল থেকে ৫শ' ৬৩ কোটি টাকা যোগান দেবে, যা থেকে ৬৫ হাজার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানের ৫৫ লাখ শিশু উপকৃত হবে। প্রাথমিক শিক্ষার প্রসার ও উন্নয়নে দল ও মতের উর্ধ্বে উঠে সবার জন্য শিক্ষা কার্যক্রমকে একটি সামাজিক আন্দোলনে পরিণত করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

তিনি সকল শিক্ষার্থীকে নিয়মিত পড়াশোনা করা ও বিদ্যালয়ে যাওয়ার পরামর্শ দেন।

প্রধানমন্ত্রী জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ ২০০২-এর বিভিন্ন বিষয়ে বিজয়ী শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন। একই সঙ্গে তিনি কয়েকজন দুস্থ ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করেন।